

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৫.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ শাহিদুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, যশোর কর্তৃক পূর্ববর্তী কর্মস্থল বিকরণগাছা, যশোর-এ কর্মকালীন ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান লংঘন করে উক্ত কার্যালয় হতে ০১ জন ঋণীকে ৪ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ২৮-৫-২০১৭ খ্রিঃ তারিখের ১০০ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের আওতায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১৭ ৭-২০১৭ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক অভিযুক্তের ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত গুনানীকালে তিনি লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন এবং বলেন যে, তিনি (তিনি) দফা অতিক্রম করে কোন ঋণীকে ঋণ প্রদান করেননি। কাজেই ৪র্থ দফা ঋণ প্রদানের বিষয়ে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক নয় বলে দাবী করেন। ঋণের টাকা ইতোমধ্যে পরিশোধ হয়েছে মর্মে উল্লেখ করে সবশেষে তিনি বিভাগীয় মামলা হতে অব্যাহতি চান;

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনায় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিকরণগাছা, যশোর এর প্রত্যয়নদৃষ্টে প্রতীয়মান হয় যে, অভিযুক্ত কর্মচারী ৪র্থ দফা ঋণ প্রদানের সাথে সংশ্লিষ্ট নন। অন্যদিকে বর্ণিত ঋণের টাকা ইতোমধ্যে পরিশোধিত হয়েছে মর্মে জানা যায়। সার্বিক বিবেচনায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ শাহিদুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, সদর, যশোর-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৫.২০১৬- ১৩৯

তারিখঃ ১৬-৮-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/বিকরণগাছা, যশোর।
- ০৬। জনাব মোঃ শাহিদুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/ বিকরণগাছা, যশোর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক (শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।